গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল,
(বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
শিক্ষা কমপ্লেক্স, ১৫ সিডিএ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.dshe.chittagongdiv.gov.bd

স্মারক নংঃ ৩৭.০২.০০০০.০০০.০০.৯৯.২৩-৮১৭৪/৮০/ জিস	তারিখঃ ১৯/০৯/২০২৩ খ্রিঃ
সূত্রঃ ৩৭.০২.০০০০.১১৩৪৯.০০২.১৯-২৮ তারি ১৯/০৮/২০২৩খ্রিঃ

**বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট চালুকরণ।**

উর্পযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে গত ১৫ সেপ্টেম্বর, ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, স্কুল ও কলেজ) নিজস্ব ওয়েবসাইট চালুর নির্দেশনা প্রদান করা হয়। ওয়েবসাইট গুলোতে প্রয়োজনীয় তথ্য যেমনঃ **প্রতিষ্ঠান পরিচিতি ও প্রতিষ্ঠাতার বিবরণ, প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি এর তথ্য, ব্যবস্থাপনা কমিটি/পরিচালনা পরিষদের তথ্য, কমিটির ধরণ, অধ্যক্ষ/প্রধানশিক্ষকের তথ্য, প্রাক্তন প্রতিষ্ঠান প্রধানদের নাম, শিক্ষকবৃন্দের তথ্য, কর্মচারীদের তথ্য, শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক তথ্য, জাতীয়করণ/এমপিও এর প্রাপ্তির সাল, পাঠদান সম্পর্কিত তথ্য, রুটিন, নোটিশ, ফটোগ্যালারী, ভিডিও গ্যালারী** ইত্যাদি বিষয় উল্লেখ করা যায়।

পত্রে বিদ্যামান ওয়েবসাইটগুলোও প্রয়োজনীয় হালনাগাদের নির্দেশনাও প্রদান করা হয়। ওয়েবসাইটগুলোর ডোমেইন বছর বছর হালনাগাদ না করা / যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ডোমেইন সংগ্রহ না করা / তথ্যাদি নিয়মিত হালনাগাদ না করা/ প্রয়োজনীয় কারিগরী সহায়তা না নেওয়া ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় না থাকার কারণে ওয়েবসাইটগুলো যথাযথ উদ্দেশ্য ও লক্ষ্য অর্জিত হচ্ছে না।

উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়ের প্রোগামার, স্ব স্ব জেলার জেলা শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসের সহকারী প্রোগামার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সহযোগীতা গ্রহণ করতঃ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব সাইট চালু করে আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়ের নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

---------------------------
মাধ্রমিক ও উচ্চ শিক্ষা, চট্রগাম অঞ্চলের
আওতাধীন সকল প্রতিষ্ঠান

১৯/০৯/২৩

**(উত্তম খীসা)**
আঞ্চলিক উপপরিচালক (অঃদাঃ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল।
ফোন- ০২৩৩৪৪১৯৬১৪
ই-মেইল- ddshectg@yahoo.com

প্রয়োজনীয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ
১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২) জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম/ ফেনী/ নোয়াখালী/ কক্সবাজার/বান্দরবান/ রাঙ্গামাটি/খাগড়াছড়ি।
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল।
৪) অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৪৯.০০১.১৯.২৮

তারিখ: ৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) ওয়েবসাইট তৈরি/ হালনাগাদকরণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) মধ্যে কিছু সংখ্যক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট নেই এবং অনেক শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট থাকলেও হালনাগাদ নেই।
উল্লেখ্য, প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে প্রতিষ্ঠান পরিচিতি, প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি, শ্রেণি ও লিংগ ভিত্তিক শিক্ষার্থীর তথ্য, শ্রেনি ভিত্তিক অনুমোদিত শাখার তথ্য, পাঠদান সংক্রান্ত তথ্য (রুটিন, পাঠ্যসূচী, বিবিধ নোটিশ ইত্যাদি), এমপিও ও জাতীয়করণের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিষ্ঠানের ফোন/ মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা, প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক-কর্মচারীর তথ্য, ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদ রাখতে হবে।
এমতাবস্থায়, আগামী ১৫ই সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) নিজস্ব ওয়েবসাইট তৈরি/ হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ওয়েব ঠিকানা মাউশি অধিদপ্তরের EMIS এর IMS মডিউলে (www.emis.gov.bd) প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৯-০৮-২০২৩
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ( সকল কলেজ, স্কুল এন্ড কলেজ, স্কুল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৪৯.০০১.১৯.২৮/১ (৯)

তারিখ: ৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪। উপ-পরিচালক (স্কুল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৫। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল);
৬। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল);
৮। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল ) এবং
৯। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।